



মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল

(www.barisalboard.gov.bd)

স্মারক নং- বশিবো/পনি/এসএসসি/২০২৬/১৪৯৪

তারিখ: ২০ এপ্রিল, ২০২৬ খ্রি।

বিজ্ঞপ্তি

আগামী ২১/০৪/২০২৬ তারিখ থেকে অনুষ্ঠেয় ২০২৬ সালের এসএসসি পরীক্ষা সুষ্ঠু, সুন্দর ও নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে পরীক্ষার্থীগণ যাতে পরীক্ষা শুরুর কমপক্ষে ৩০ মিনিট পূর্বে পরীক্ষার হলে আসন গ্রহণ করে, মোবাইল ফোনসহ যেকোনো প্রকার ইলেক্ট্রনিক ডিভাইস ও নকল নিয়ে পরীক্ষা কেন্দ্রে প্রবেশ না করে এবং সামাজিক যোগাযোগ এবং অন্য কোনো মাধ্যমে প্রশ্নপত্র পাওয়ার চেষ্টা না করে সে বিষয়ে ব্যাপক গণসচেতনতা সৃষ্টি করার জন্য পরীক্ষার্থী, অভিভাবক, শিক্ষক সমাজ, ইলেক্ট্রনিক ও প্রিন্ট মিডিয়ার সাংবাদিকবৃন্দসহ সকল নাগরিকের সহযোগিতা কামনা করছি।

উল্লেখ্য, পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস সম্পর্কিত গুজব/ঘটনা, নকল/অসদুপায় অবলম্বনের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি/ব্যক্তিবর্গের বিরুদ্ধে পাবলিক পরীক্ষাসমূহ (অপরাধ) আইন ১৯৮০, তথ্য যোগাযোগ ও প্রযুক্তি আইন ২০০৬ এবং এসএসসি পরীক্ষা পরিচালনা নীতিমালা, ২০২৬ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

প্রফেসর মোঃ আবদুস সালাম

সচিব

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষাবোর্ড,
বরিশাল।